



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
৮/সি, আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
(Website: www.bteb.gov.bd)



স্মারক: ৫৭.১৭.০০০০.১০৫.৪১.০০৩.১৩.৩৬০

তারিখ: ১১-১২-২০২২ খ্রি.

বিজ্ঞপ্তি (৩য় বার)

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক পরিচালিত জাতীয় দক্ষতামান বেসিক সার্টিফিকেট কোর্স (৩৬০ ঘন্টা) শিক্ষাক্রমের জুলাই-ডিসেম্বর, ২০২২ (৬ মাস মেয়াদী) ও জুলাই-সেপ্টেম্বর, ২০২২ (৩ মাস মেয়াদী) শিক্ষাক্রমের যে সকল প্রতিষ্ঠান ভর্তিকৃত শিক্ষার্থীদের ডাটা এন্ট্রি করেছেন কিন্তু রেজিস্ট্রেশন ফি প্রদান সম্পন্ন করেননি, তাদেরকে ১২-১২-২০২২ খ্রি. হতে ১৫-১২-২০২২ খ্রি. এর মধ্যে রেজিস্ট্রেশন ফি প্রদান করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

উল্লেখ্য, এই সময়সীমার মধ্যে ফি প্রদান করতে ব্যর্থ হলে পরবর্তীতে ফি প্রদানের আর কোন সুযোগ দেয়া হবে না। ফি প্রদান ব্যতিত রেজিস্ট্রেশন কার্ড প্রিন্ট/বিতরণ করা হবে না এবং ঐ সকল শিক্ষার্থীদের পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ থাকবে না। ফি প্রদানে ব্যর্থতার কারণে রেজিস্ট্রেশনে জটিলতা সৃষ্টি হলে তার দায় দায়িত্ব প্রতিষ্ঠান প্রধানের উপর বর্তাবে।

প্রতিষ্ঠানসমূহের করণীয়ঃ

- ১) রেজিস্ট্রেশন ইন্টারফেস এ Login করণ।
- ২) Payment due summary এর মাধ্যমে রেজিস্ট্রেশন ফি প্রদান (১২-১২-২০২২ থেকে ১৫-১২-২০২২ পর্যন্ত)।
- ৩) Payment successfully সম্পন্ন হলে শিক্ষার্থীদের তথ্য Payment status list এ প্রদর্শিত হবে।
- ৪) Final list এ ফি প্রদানকৃত শিক্ষার্থীদের তালিকা প্রদর্শিত হবে। এই তালিকা প্রিন্টের সময়সূচী (১৮-১২-২০২২ থেকে ২০-১২-২০২২)
- ৫) প্রিন্টকৃত তালিকার একটি কপি পরবর্তীতে রেজিস্ট্রেশন কার্ড গ্রহণের সময় বোর্ডে জমা দিতে হবে।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

(মোহাম্মদ আবদুল্লাহ আল মাহমুদ জামান)
সচিব

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

তারিখ: ১১-১২-২০২২ খ্রি.

স্মারক: ৫৭.১৭.০০০০.১০৫.৩৯.০০৩.১৩.৩৬০ (০৯)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:

- ১-৫. পরিচালক (কারিকুলাম)/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক/পরিচালক (আইটিসি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ সহ)।
৭. শর্ট কোর্স, পরীক্ষা শাখা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. সংশ্লিষ্ট নথি।

(প্রকৌশলী মোঃ আব্দুল হান্নান)

উপ সচিব (রেজিস্ট্রেশন)

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা